

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার-এ স্বল্পকালীন সময়ের জন্য (৮৯ দিন) নৈমিত্তিক (ক্যাড্রুয়াল) ভিত্তিতে কিছু সংখ্যক শ্রমিক/কর্মচারী “পেট্রিম্যান” পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে ব্যবস্থাপক এইচআর বরাবরে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

০১। পদের নামঃ “পেট্রিম্যান” :

পদ যোগ্যতাঃ

ক. কমপক্ষে এইচ, এস, সি পাশ।

খ. উচ্চতাঃ পুরুষ - কমপক্ষে ৫ ফুট ৬ ইঞ্চি  
মহিলা - কমপক্ষে ৫ ফুট ৩ ইঞ্চি

গ. সুঠাম দেহের অধিকারী হতে হবে।

ঘ. বয়সসীমাঃ ১০-০৭-২০১৭ খৃঃ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বৎসর।

০২। আবেদনপত্রে উল্লেখ/সংযুক্ত করতে হবেঃ

আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, ১০-০৭-২০১৭ খৃঃ তারিখে বয়স, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নিজ জেলা, উচ্চতা, মোবাইল নম্বর, ই-মেইল নং, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয় পত্র নং, জন্ম নিবন্ধন নম্বর। আবেদনপত্রের সহিত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবি এবং ছবিসহ শিক্ষাগত যোগ্যতার, নাগরিকত্ব, জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ ও পিতা/মাতার অনুকূলে প্রদেয় মুক্তিযোদ্ধার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)-এর ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দরখাস্তের সহিত সংযুক্ত করতে হবে।

০৩। গুরুত্বপূর্ণঃ

অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে। শিক্ষাগত যোগ্যতার উৎকর্ষতা ও শারীরিক উপযুক্ততার ভিত্তিতে প্রার্থীদের নিয়োগ নির্বাচনী পরীক্ষা গ্রহণের মাধ্যমে নির্বাচন করা হবে। নিয়োগের পূর্বে নির্বাচিত প্রার্থীর নিজ থানা/পুলিশ সুপার হতে পুলিশ ভেরিফিকেশন/ক্লিয়ারেন্স এবং রেজিস্টার্ড ডাক্তার কর্তৃক মেডিকেল ফিটনেস সার্টিফিকেট দাখিল করতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে সকল বৃত্তান্ত উল্লেখপূর্বক সাদা কাগজে ব্যবস্থাপক এইচআর, বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ বরাবরে সর্বশেষ ১০-০৭-২০১৭ খৃঃ এর মধ্যে আবেদন করতে হবে। আবেদন পত্র বিএফসিসির ল্যান্ড সাইড গেটে রক্ষিত বক্সে জমা করতে হবে। উল্লেখিত সময়ের পরে কোন আবেদনকারীর আবেদন গ্রহণ করা হবে না।

প্রার্থীদের আবেদন যাচাই-বাছাই করে সঠিক প্রার্থী তালিকা এবং তাদের শারীরিক উপযুক্ততা পরীক্ষার সময়-সূচী ১৩-০৭-২০১৭ খৃঃ তারিখে বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টারের ল্যান্ড সাইড গেটের নোটিশ বোর্ডে টানিয়ে দেয়া হবে এবং বিএফসিসি'র Web Site: [www.bfcc-bd.com](http://www.bfcc-bd.com) এ পাওয়া যাবে।

যে কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। বিএফসিসি কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে আংশিক/সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া স্থগিত বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ব্যবস্থাপক এইচআর, বিএফসিসি